**P - II (1+1+1) G / 20 (N) / SUP**

**2020**

# ELECTIVE BENGALI (General)

## Paper Code : II - A & B

## [New Syllabus]

## (Supplementary)

### Important Instructions
### for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  **Example :** Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [ ]

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  **Example —** If alternative A of 1 is correct, then write :
  **1. — A**

- There is no negative marking for wrong answer.

## মাল্টিপল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

  **উদাহরণ —** যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [ ]

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

  **উদাহরণ —** যদি **1** নম্বর প্রশ্নের সঠিক উত্তর **A** হয় তবে লিখতে হবে :

  **1. — A**

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।

## Paper Code : II - A

Full Marks : 50 Time : One Hour

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। 'বাংলা ছন্দের মূলসূত্র' গ্রন্থটির রচয়িতা —

(A) প্রবোধচন্দ্র সেন

(B) নীলরতন সেন

(C) অমূল্যধন মুখোপাধ্যায়

(D) তারাপদ ভট্টাচার্য

২। শ্বাসাঘাত প্রধান ছন্দের অন্য নাম —

(A) দলবৃত্ত ছন্দ

(B) কলাবৃত্ত ছন্দ

(C) অক্ষরবৃত্ত ছন্দ

(D) মাত্রাবৃত্ত ছন্দ

৩। অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক —

(A) গিরিশচন্দ্র ঘোষ

(B) মাইকেল মধুসূদন দত্ত

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) মোহিতলাল মজুমদার

৪। গদ্যছন্দে রচিত রবীন্দ্রনাথের কাব্যখানির নাম —

(A) বলাকা

(B) শ্যামলী

(C) প্রান্তিক

(D) সানাই

৫। ‘ছন্দ সরস্বতী’ গ্রন্থখানির রচয়িতা —

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) মোহিতলাল মজুমদার

(C) তারাপদ ভট্টাচার্য

(D) সত্যেন্দ্রনাথ দত্ত

৬। ‘লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে’ ছত্রটি যে অলঙ্কারের উদাহরণ —

(A) যমক

(B) শ্লেষ

(C) ছেকানুপ্রাস

(D) বক্রোক্তি

৭। ‘সীতা বিনা আমি যেন মণিহারা ফণী’— ছত্রটি যে অলঙ্কারের উদাহরণ —

(A) উপমা

(B) রূপক

(C) সমাসোক্তি

(D) উৎপ্রেক্ষা

৮। 'চোখে চোখে কথা নয়গো বন্ধু
আগুনে আগুনে কথা।' এটি —

(A) অপহ্নুতি অলঙ্কারের উদাহরণ

(B) নিশ্চয় অলঙ্কারের উদাহরণ

(C) উৎপ্রেক্ষা অলঙ্কারের উদাহরণ

(D) অনুপ্রাস অলঙ্কারের উদাহরণ

৯। নিচের যে অলঙ্কারটি অর্থালঙ্কার নয় —

(A) সমাসোক্তি

(B) রূপক

(C) যমক

(D) উপমা

১০। 'কলকল্লোলে লাজ দিল আজ নারীকণ্ঠের কাকলি।' — এটি যে অলঙ্কারের উদাহরণ —

(A) ব্যতিরেক

(B) শ্লেষ

(C) উৎপ্রেক্ষা

(D) সমাসোক্তি

১১। 'অলঙ্কার চন্দ্রিকা' গ্রন্থখানির রচয়িতা —

(A) শ্যামাপদ চক্রবর্তী

(B) বিশ্বনাথ চক্রবর্তী

(C) জাহ্নবীকুমার চক্রবর্তী

(D) জীবেন্দ্রসিংহ রায়

১২। রবীন্দ্রনাথের ‘চোখের বালি’ —

(A) রাজনৈতিক উপন্যাস

(B) মনস্তাত্ত্বিক উপন্যাস

(C) ঐতিহাসিক উপন্যাস

(D) আঞ্চলিক উপন্যাস

১৩। সাহিত্যিক মহাকাব্যের নিদর্শন হল —

(A) ইলিয়ড

(B) ওডিসি

(C) মেঘনাদবধ কাব্য

(D) রামায়ণ

১৪। অক্ষয়কুমার বড়ালের ‘এষা’ কাব্যখানি হল —

(A) মহাকাব্য

(B) আখ্যান কাব্য

(C) রূপক কাব্য

(D) গীতিকাব্য

১৫। বঙ্কিমচন্দ্রের ‘কমলাকান্তের দপ্তর’ যে শ্রেণীর রচনা —

(A) বস্তুগত প্রবন্ধ

(B) ব্যক্তিগত প্রবন্ধ

(C) ছোটোগল্প ধর্মী রচনা

(D) মহাকাব্যধর্মী রচনা

১৬। নীচের নাটকগুলির মধ্যে কোনটি সামাজিক নাটক?

(A) কৃষ্ণকুমারী

(B) জনা

(C) কারাগার

(D) প্রফুল্ল

১৭। 'সোনারতরী' কাব্যে মোট কবিতার সংখ্যা —

(A) ৩৯ টি

(B) ৪০ টি

(C) ৪২ টি

(D) ৪৩ টি

১৮। 'গগনে গরজে মেঘ ঘন বরষা' উদ্ধৃতাংটি আছে —

(A) 'বসুন্ধরা' কবিতায়

(B) 'সোনার তরী' কবিতায়

(C) 'যেতে নাহি দিব' কবিতায়

(D) 'পরশ পাথর' কবিতায়

১৯। 'সোনারতরী' কাব্যের শেষ কবিতা —

(A) যেতে নাহি দিব

(B) সোনার তরী

(C) নিরুদ্দেশ যাত্রা

(D) বৈষ্ণব কবিতা

২০। 'যেতে নাহি দিব' কবিতায় যে ছোট্ট মেয়েটির কথা আছে তার বয়স ——

(A) ৩ বৎসর

(B) ৫ বৎসর

(C) ২ বৎসর

(D) ৪ বৎসর

২১। 'নিরুদ্দেশ যাত্রা' কবিতাটি যে ধরনের কবিতা —

(A) ব্যঙ্গ কবিতা

(B) গীতি কবিতা

(C) মহাকাব্যিক কবিতা

(D) রূপক কবিতা

২২। 'সঞ্চিতা' কাব্যটির রচয়িতা —

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) নজরুল ইসলাম

(C) সত্যেন্দ্রনাথ দত্ত

(D) মোহিতলাল মজুমদার

২৩। 'হিন্দু না মুসলিম? ঐ জিজ্ঞাসে কোন জন?' উদ্ধৃতাংশটি যে কবিতার অংশ —

(A) বিদ্রোহী

(B) অভিশাপ

(C) কাণ্ডারী হুঁশিয়ার

(D) বিজয়িনী

২৪। ‘দারিদ্র্য’ কবিতাটি নজরুলের যে কাব্যগ্রন্থের অন্তর্গত —

(A) অগ্নিবীণা

(B) চক্রবাক

(C) সিন্ধুহিন্দোল

(D) ফণিমনসা

২৫। ‘নবান্ন’ নাটকে যে গ্রামের কথা আছে সেটি হল —

(A) আমিনপুর

(B) মমিনপুর

(C) তাহেরপুর

(D) ঝামোটপুর

২৬। ‘নবান্ন’ নাটকে মোট গান আছে —

(A) তিনটি

(B) চারটি

(C) পাঁচটি

(D) ছয়টি

২৭। ‘নবান্ন’ নাটকে প্রধান সমাদ্দারের স্ত্রীর নাম —

(A) রাধিকা

(B) বিনোদিনী

(C) পঞ্চাননী

(D) মনোমোহিনী

২৮। ‘আর কত চেঁচাব বাবু দুটো ভাতের জন্যে।’ — উক্তিটির বক্তা —

(A) কুঞ্জ

(B) রাধিকা

(C) পঞ্চাননী

(D) প্রধান সমাদ্দার

২৯। ‘ চল বউ আমরা গাঁয়ে ফিরে যাই’— উক্তিটির বক্তা —

(A) প্রধান সমাদ্দার

(B) নিরঞ্জন

(C) কুঞ্জ

(D) দয়াল মন্ডল

৩০। ‘কঙ্কাবতী’ উপন্যাসটি কার লেখা —

(A) রাজশেখর বসু

(B) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়

(C) প্রভাতকুমার মুখোপাধ্যায়

(D) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়

৩১। কঙ্কাবতীর পিতার নাম —

(A) শিবচন্দ্র মুখোপাধ্যায়

(B) রামতনু লাহিড়ী

(C) জনার্দন চৌধুরী

(D) রামতনু রায়

৩২। খেতুর পিতার নাম —

(A) রামতনু রায়

(B) জনার্দন চৌধুরী

(C) রামহরি মুখোপাধ্যায়

(D) শিবচন্দ্র মুখোপাধ্যায়

৩৩। কঙ্কাবতী কতদিন বিকারগ্রস্ত অবস্থায় পড়েছিল?

(A) ২১ দিন

(B) ২২ দিন

(C) ২৩ দিন

(D) ২৪ দিন

৩৪। 'ষাঁড়েশ্বর' চরিত্রটি যে গ্রন্থে পাওয়া যায় —

(A) 'কঙ্কাবতী' উপন্যাসে

(B) 'নবান্ন' নাটকে

(C) 'হনুমানের স্বপ্ন' গল্পে

(D) 'পালঙ্ক' গল্পে

৩৫। 'হনুমানের স্বপ্ন' গল্পটি কার লেখা —

(A) রাজশেখর বসু

(B) প্রেমেন্দ্র মিত্র

(C) নরেন্দ্রনাথ মিত্র

(D) বনফুল

৩৬। সীতা হনুমানের স্ত্রীর নাম কী রেখেছিল?

(A) জাম্বুবতী

(B) হনুমতী

(C) চিলিম্বা

(D) লক্ষীবতী

৩৭। কিষ্কিন্ধ্যার অধিপতির নাম কি?

(A) বালী

(B) সুগ্রীব

(C) বিভীষণ

(D) রাবণ

৩৮। 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটি কার লেখা —

(A) নরেন্দ্রনাথ মিত্র

(B) সমরেশ বসু

(C) প্রেমেন্দ্র মিত্র

(D) রাজশেখর বসু

৩৯। 'যামিনী' চরিত্রটি যে গল্পে পাওয়া যায় —

(A) আদাব

(B) টোপ

(C) পালঙ্ক

(D) তেলেনাপোতা আবিষ্কার

৪০। 'টোপ' গল্পটির লেখক হলেন —

(A) নরেন্দ্রনাথ মিত্র

(B) প্রেমেন্দ্র মিত্র

(C) নারায়ণ গঙ্গোপাধ্যায়

(D) সমরেশ বসু

৪১। 'পালঙ্ক' গল্পে মকবুলের স্ত্রীর নাম —

(A) ফুলজান

(B) ফতেমা

(C) আমিরণ

(D) মুরেজান

৪২। পালঙ্ক যে কাঠ দিয়ে তৈরী —

(A) সেগুন কাঠ

(B) শিশু কাঠ

(C) আকাশমণি কাঠ

(D) শাল কাঠ

৪৩। 'আদাব' গল্পটির রচয়িতা —

(A) প্রেমেন্দ্র মিত্র

(B) নরেন্দ্রনাথ মিত্র

(C) রাজশেখর বসু

(D) সমরেশ বসু

৪৪। রাজাবাহাদুর কত বছর বয়সে রায়ফেল হাতে তুলেছিল —

(A) ১৩ বছর বয়সে

(B) ১২ বছর বয়সে

(C) ১১ বছর বয়সে

(D) ১৪ বছর বয়সে

৪৫। লোমশ মুনি চরিত্রটি যে রচনায় পাওয়া যায় —

(A) 'হনুমানের স্বপ্ন' গল্পে

(B) টোপ' গল্পে

(C) 'কঙ্কাবতী' গল্পে

(D) 'পালঙ্ক' গল্পে

৪৬। হনুমান কার ভক্ত?

(A) সীতার

(B) রামের

(C) লব-কুশের

(D) ভরতের

৪৭। 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(A) 'দেশ' পত্রিকায়

(B) 'আনন্দ বাজার পত্রিকায়

(C) 'কল্লোল' পত্রিকায়

(D) 'যুগান্তর' পত্রিকায়

৪৮। 'যেতে নাহি দিব' কবিতাটি কার লেখা?

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) নজরুল ইসলাম

(C) সত্যেন্দ্রনাথ দত্ত

(D) মোহিতলাল মজুমদার

৪৯। অলঙ্কার শব্দের অর্থ —

(A) ভূষণ

(B) আকাশ

(C) নাসিকা

(D) আগুন

৫০। 'কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে হে প্রচেতঃ।' এটি যে অলঙ্কারের উদাহরণ —

(A) রূপক

(B) ব্যাজস্তুতি

(C) সমাসোক্তি

(D) উপমা

---

P - II (1+1+1) G / 20 (N) / SUP

**2020**

# ELECTIVE BENGALI (General)

## Paper Code : II - B

## [New Syllabus]

## (Supplementary)

Full Marks : 100 Time : Three Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। উপযুক্ত উদাহরণসহ শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো। ৭

**অথবা,**

অমিত্রাক্ষর ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্য লেখো। ২+৫=৭

২। ছন্দোলিপি প্রস্তুত করো (**দুটি**) — ৩×২=৬

(ক) যুদ্ধ যদি আকাশ ঢাকে সূর্য তবে উঠবে কোথায়,
মাটি যদি রক্ত মাখে ফুলগুলি সব ফুটবে কোথায়।

(খ) এ জগতে হায় সেই বেশী চায় আছে যার ভুরি ভুরি,
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

(গ) হাইড্রোজেন দুই আর অক্সিজেন এক।
তিন কণা মিলে জল এসে সবে দেখ।

(ঘ) সেই আমাদের দেশের পদ্ম তেমনি মধুর হেসে,
ফুটেছে ভাই অন্য নামে অন্য সুদূর দেশে।

৩। (ক) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যেকোনো **দুটি**) — ৩×২=৬
যমক, সমাসোক্তি, উপমা, উৎপ্রেক্ষা

**অথবা,**

রূপক অলঙ্কার কাকে বলে? রূপক অলঙ্কারের শ্রেণীবিভাগ করে প্রত্যেকটি শ্রেণী উদাহরণসহ আলোচনা করো। ৬

(খ) অলঙ্কার নির্ণয় করো (**দুটি**) : ৩×২=৬

(অ) আনিয়াছে তোর স্বামী বান্ধি নিজ গুণে।

(আ) তটিনী চলেছে অভিসারে।

(ই) কলকল্লোলে লাজ দিল আজ নারীকণ্ঠের কাকলি।

(ঈ) দেখিবারে আঁখি-পাখি ধায়।

৪। উপন্যাসের সংজ্ঞা দাও। উপন্যাসের সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৩+৭=১০

**অথবা,**

গীতিকাব্য ও মহাকাব্যের পার্থক্য আলোচনা করো। ১০

৫। 'যেতে নাহি দিব' কবিতায় কবি রবীন্দ্রনাথ যে বিশেষ দার্শনিক তত্ত্বে উপনীত হয়েছেন তা কবিতাটি অবলম্বনে আলোচনা করো। ১০

**অথবা,**

'নিরুদ্দেশ যাত্রা' কবিতায় রবীন্দ্রনাথের সৌন্দর্য চেতনার যে প্রকাশ ঘটেছে তার সম্যক পরিচয় দাও।

৬। ''বিদ্রোহী'' নজরুল ইসলামের কাব্যধারার একটি প্রতিনিধিস্থানীয় কবিতা''— মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

**অথবা,**

''অভিশাপ কবিতায় কবির প্রেমভাবনার সার্থক প্রকাশ ঘটেছে'' — আলোচনা করো। ১০

৭। 'নবান্ন' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

**অথবা,**

''নবান্ন'' একই সঙ্গে প্রতিরোধ ও দুর্গতির নাটক'' — আলোচনা করো।

৮। ‘কঙ্কাবতী’ উপন্যাসে নায়িকারূপে কঙ্কাবতী চরিত্রের সার্থকতা আলোচনা করো। ১৫

**অথবা**

‘কঙ্কাবতী’ উপন্যাসে ঔপনাসিকের যে সমাজ-সংস্কার প্রবণতা লক্ষ করা যায় তা আলোচনা করো।

৯। যেকোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) হাস্যরসাত্মক গল্প হিসাবে পরশুরামের ‘হনুমানের স্বপ্ন’ গল্পটির সার্থকতা বিচার করো।

(খ) নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘টোপ’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) “ ‘আদাব’ গল্পটি সাম্প্রদায়িকতার উর্ধ্বে এক চিরন্তন মানবপ্রেমের গল্প হয়ে উঠেছে” — মন্তব্যটি বিশ্লেষণ করো।

(ঘ) প্রেমেন্দ্র মিত্রের ‘তেলেনাপোতা আবিষ্কার’ গল্পটির একটি রসগ্রাহী আলোচনা করো।

---